

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
রায়পুরা, নরসিংদী।

স্মারক নং- ৪৭.৬১.৬৮৬৪.০০০.৪৩.০০.১৩- ২১৩

তারিখ- ২৯/০৬/২০২৫খ্রি.

বিষয়: উপজেলা সমবায় কার্যালয়, রায়পুরা, নরসিংদীর গণ শুনানীর হাজিরা সীট ও প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমবায় কার্যালয়, রায়পুরা, নরসিংদীর জুন/২০২৫খ্রি. মাসের গণ শুনানীর হাজিরা সীট, ছবি ও প্রতিবেদন এতদসংগে মহোদয় বরাবর প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ননা মতে ০৩(তিন) পাতা।



(রৌশনারা বেগম)
উপজেলা সমবায় অফিসার
রায়পুরা, নরসিংদী।

জেলা সমবায় অফিসার
নরসিংদী।

ক্র: নং	বিবেচ্য মাসে মোট কতদিন শুনানী গৃহীত হয়েছে	সেবা প্রত্যাশীর সংখ্যা	কতজনের আবেদন/অভিযোগের নিষ্পত্তি হয়েছে	আবেদন/অভিযোগ/সেবার বিষয়/ক্ষেত্র(সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করতে হবে)	গৃহীত ব্যবস্থা(সংক্ষেপে)	
১	২	৩	৪	৫	৬	৭
১।	১ দিন	০৭ জন	০৭ জন	উপস্থিত সদস্যগণ সমিতিতে প্রতি মাসে কিভাবে সভা করবেন এবং কি কি বিষয় উল্লেখ্য থাকবে তার বিস্তারিত জানতে চান।	গণ শুনানীর সভাপতি মহোদয় সমিতিতে প্রতি মাসে সভা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। ব্যবস্থাপনা কমিটি প্রতি মাসে ১টি করে সভা অনুষ্ঠিত করবেন। সভায় সমিতির কার্যক্রম বিশেষ করে নতুন সদস্য ভর্তি, বাতিল, ঋণ বিতরণ সহ অন্যান্য কার্যক্রম উল্লেখ থাকবে। প্রয়োজনে অত্র উপজেলার সহকারী পরিদর্শকগণ সহযোগিতা করবেন।	
				উপস্থিত সদস্যগণ একটি সমবায় সমিতি নিবন্ধন কিভাবে করতে হয় এবং কি কি খাতাপত্র লাগবে, সমবায়ের সুবিধা কি এসব বিষয়ে জানতে চায়।	সভাপতি মহোদয় নিবন্ধন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, সমবায় সমিতি গঠনে সর্বনিম্ন ২০ জন সদস্য তাদের এনআইডি, ছবি, মোবাইল নম্বর সহ আবেদন ফরম নির্ধারিত ফি সহ অত্র অফিসে নিবন্ধনের আবেদন করবেন। খাতাপত্র শেয়ার, সদস্য, সঞ্চয়, ঋণ, সভার খাতা অবশ্যই থাকতে হবে।	
				সমবায় সমিতি গঠন করলে সরকারী কোন সহযোগিতা পাওয়া যায় কিনা- বিশেষ করে সরকারী ঋণ পাওয়া যায় কিনা এ বিষয়ে জানতে চান।	সমবায় সমিতির মূল উদ্দেশ্য হচ্ছে আর্থ-সামাজিক উন্নয়ন করা। ক্ষুদ্র সঞ্চয় একত্রিত করে বৃহৎ পুঁজি গঠন করে সদস্যদের উন্নয়নে কাজ করা। সমবায় বিভাগ থেকে লোন বা আর্থিক ঋণ প্রদান করার বিধান নাই।	

অত্র সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সাহেব শুনানী সমাপ্ত ঘোষণা করেন।



(রৌশনারা বেগম)

উপজেলা সমবায় অফিসার

রায়পুরা, নরসিংদী।

